

উপজেলা কৃষি ও সেচ কমিটির ৫ম সভার কার্যবিবরণী :

স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী।

তারিখ : ২৬/০৪/২০২২

সময়:- সকাল ১১.০০ ঘটিকা

সভাপতি : মোসাঃ সুফিয়া খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, গোদাগাড়ী, রাজশাহী।

সভায় উপস্থিত সদস্য, প্রতিনিধি সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত আলোচ্য সূচীঃ

- ক) চলতি খরিপ-১ মৌসুমে রোপা আউশ আবাদ বৃদ্ধি প্রসঙ্গে।
খ) ৫০% ভর্তুকীতে রাইস ট্রান্সপ্লান্টার, রিপার, হারভেস্টার সরবরাহ প্রসঙ্গে।
গ) বিবিধ।


সভায় উপস্থিত সম্মানীত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। শুরুতেই তিনি বর্তমান কৃষিবান্ধব সরকারের অবদান ও বিশ্ব প্রেক্ষাপটে বাংলাদেশের সাফল্য তুলে ধরেন। তিনি উল্লেখ করেন দেশের উন্নয়নে কৃষক ও কৃষি বিভাগের ভূমিকা অপরিসীম।

সভায় উপজেলা কৃষি অফিসার, গোদাগাড়ী, রাজশাহী ও সদস্য সচিব, উপজেলা কৃষি বিষয়ক স্থায়ী কমিটি, জনাব শারমিন সুলতানা বিগত সভার কার্য বিবরণী উপস্থাপন করেন এবং তা সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

উপজেলা কৃষি অফিসার আলোচ্যসূচী অনুযায়ী আলোচনার বিষয় বস্তু উপস্থাপন করেন এবং সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় :-

কমিটির নাম	আলোচনা	সিদ্ধান্ত	মন্তব্য
উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি	<p>১। সভায় সদস্য সচিব জানান, গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে চলতি খরিপ-১ মৌসুমে সারা দেশে নির্বিঘ্নে রোপা আউশ চাষ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে। অত্র উপজেলায় ১৪৩৯০ হেক্টর লক্ষ্যমাত্রা কে সামনে রেখে মাঠে রোপা আউশ ধানের বীজতলা শুরু হয়েছে। কিন্তু সাম্প্রতিক সময়ে বৃষ্টিপাত কম হওয়ায় ও রোপা আউশ চাষাবাদ বৃষ্টি নির্ভর হওয়ায় বীজতলা তৈরি ও চাষাবাদ ব্যহত হওয়ার সম্ভাবনা রয়েছে। এমতাবস্থায় সেচ কার্যক্রম অব্যাহত রাখার জন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ও বিএমডিএ, গোদাগাড়ীর আওতায় ডিপ টিউবেল চালু রাখা অত্যন্ত জরুরী।</p> <p>২। সভায় সদস্য সচিব জানান, গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীনে খামার যান্ত্রীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সারা দেশে কৃষকদের মাঝে ৫০% ভর্তুকীতে কন্সাইন্ড হারভেস্টার, রিপার ইত্যাদি বিতরণ কর্মসূচী হাতে নিয়েছে। এ ব্যাপারে অত্র উপজেলায় পর্যাপ্ত প্রচার প্রচারনা চালানো হয়েছে। এ এলাকায় কন্সাইন্ড হারভেস্টার, রিপার ব্যবহারের সম্ভাবনা রয়েছে।</p>	<p>১। চলতি খরিপ-১ মৌসুমে নির্বিঘ্নে রোপা আউশ চাষ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ও সেচ সুবিধা অব্যাহত রাখার জন্য বিদ্যুৎ বিভাগ, গোদাগাড়ী ও বিএমডিএ, গোদাগাড়ীকে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>২। এ ব্যাপারে আরও ব্যাপক প্রচার চালানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় জন প্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	

অতঃপর সভাপতি মহোদয় কমিটির সকল সদস্যগণকে অত্র উপজেলার কৃষক তথা কৃষির উন্নয়নের লক্ষ্যে উপজেলা কৃষি অফিসারকে সহযোগিতাদানের আহ্বান জানিয়ে উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করতঃ অদ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৬/০৪/২২

(মোসাঃ সুফিয়া খাতুন)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ কমিটি

গোদাগাড়ী, রাজশাহী।

স্মারক নং-১২.১৮.৮১৯৪.০৪১.৪০.৬০২.২২-৬৮৭

তারিখ :- ২৬/০৪/২০২২

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) :-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।
- ৩। চেয়ারম্যান, ০২নং মোহনপুর ইউপি ও সদস্য উপজেলা কৃষি ও সেচ কমিটি।
- ৪। চেয়ারম্যান, ০৬নং মোহনপুর ইউপি ও সদস্য উপজেলা কৃষি ও সেচ কমিটি।
- ৫। অফিস কপি।

Sham
24/08/22

(শারমিন সুলতানা)
উপজেলা কৃষি অফিসার
ও

সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
গোদাগাড়ী, রাজশাহী।

২৬ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির সভায়

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-‘ক’ (স্বাক্ষরের ক্রমানুসারে) :

ক্রমিক নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	জনাব মোসা: সুফিয়া খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি	সভাপতি	<i>Sham</i> 24/08/2022
০২	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গোদাগাড়ী, ও সদস্য উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি, গোদাগাড়ী, রাজশাহী	সদস্য	<i>Sham</i>
০৩	চেয়ারম্যান, ০২নং মোহনপুর ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, ও সদস্য উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি, গোদাগাড়ী, রাজশাহী	সদস্য	<i>Sham</i>
০৪	চেয়ারম্যান, ০৬নং মাটিকাটা ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, ও সদস্য উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি, গোদাগাড়ী, রাজশাহী	সদস্য	<i>Sham</i>
০৫	উপজেলা কৃষি অফিসার, গোদাগাড়ী, ও সদস্য সচিব উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি, গোদাগাড়ী, রাজশাহী	সদস্য সচিব	<i>Sham</i>